

বিএন ওয়েবসাইট এ প্রকাশের জন্য সচিত্র প্রতিবেদন অক্টোবর ও নভেম্বর - ২০২২

১। বানৌজা নির্ভীকের বাৎসরিক পরিদর্শন-২০২২ প্রসঙ্গে। গত ১৬ অক্টোবর ২০২২ মাননীয় নৌবাহিনী প্রধান কর্তৃক বানৌজা নির্ভীকের বাৎসরিক পরিদর্শন-২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত পরিদর্শনকালে মাননীয় নৌবাহিনী প্রধান, নৌ সদর দপ্তরের পিএসওগণ এবং কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল সহ অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। মাননীয় নৌবাহিনী প্রধান অত্র ঘাঁটির বিভিন্ন প্রশিক্ষণ, নৌ কমান্ডো ও ডুবুরীদের বিভিন্ন অপারেশনাল কার্যক্রম, ব্যবহৃত অস্ত্র ও যন্ত্রপাতি এবং বিভিন্ন স্থাপনাসমূহ পরিদর্শন করেন।



চিত্র-১ (ক): নৌবাহিনী প্রধান কর্তৃক বিভিন্ন প্রশিক্ষণ পরিদর্শন।



চিত্র-১ (খ): নৌবাহিনী প্রধান কর্তৃক বোট পরিদর্শন।

২। পবিত্র ঈদ-এ-মিলাদুন্নবী উদযাপন প্রসঙ্গে। হযরত মুহাম্মদ (সাঃ) এর জন্মদিন হিসেবে পবিত্র ঈদ-এ-মিলাদুন্নবী উপলক্ষ্যে গত ০৯ অক্টোবর ২০২২ তারিখে ঘাঁটিস্হ মসজিদে বিশেষ মোনাজাত ও দোয়া এবং মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) এর জীবন ও কার্যক্রমের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত মোনাজাত ও আলোচনা সভায় কমডোর সোয়াডস কমান্ড উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার প্রদান করেন।



চিত্র-২ (ক): পবিত্র ঈদ-এ-মিলাদুন্নবী উপলক্ষ্যে মিলাদ ও দোয়া মাহফিল।



চিত্র-২ (খ): কমডোর সোয়াডস কমান্ড কর্তৃক বিজয়ীদের মধ্যে পুরস্কার প্রদান।

৩। **সশস্ত্র বাহিনী দিবস- ২০২২ উদযাপন প্রসঙ্গে।** গত ২১ নভেম্বর ২০২২ তারিখে সশস্ত্র বাহিনী দিবস-২০২২ উপলক্ষ্যে কমডোর সোয়াড্‌স কমান্ডের উপস্থিতিতে বাদ ফজর ঘাঁটিস্থ মসজিদে বিশেষ মোনাজাত ও দোয়া এর আয়োজন করা হয়। উক্ত দিন সোয়াড্‌স হল ও নাবিক বিনোদন কক্ষে সশস্ত্র বাহিনী দিবস-২০২২ উপলক্ষ্যে বিশেষ প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। অত্র কমান্ডে কর্মরত সকল কর্মকর্তা ও নাবিকগণ প্রামাণ্য চিত্র প্রদর্শন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়াও, সোয়াড্‌স কমান্ডের সকল সামরিক ও অসামরিক নৌ সদস্যদের পরিবারসহ প্রীতিভোজের আয়োজন করা হয়। উক্ত প্রীতিভোজে কমডোর সোয়াড্‌স কমান্ড স্বস্ত্রীক উপস্থিত ছিলেন এবং কর্মকর্তা ও নাবিকদের পরিবারবর্গের সাথে সৌজন্য সাক্ষাত করেন।



চিত্র-৩ (ক): বাদ ফজর বিশেষ মোনাজাত ও দোয়া।



চিত্র-৩ (খ): কমডোর সোয়াড্‌স কমান্ড স্বস্ত্রীক কর্মকর্তা ও নাবিকদের পরিবারবর্গের সাথে সৌজন্য সাক্ষাত।

৪। **JCET পরিচালনা প্রসঙ্গে।** গত ১৭ অক্টোবর ২০২২ হতে ১০ নভেম্বর ২০২২ তারিখ পর্যন্ত কমডোর সোয়াড্‌স কমান্ডের অধীনে নেভাল কমান্ডো গ্রুপের তত্ত্বাবধানে নৌ কমান্ডো এবং ইউএস স্পেশাল ফোর্সের যৌথ অংশগ্রহণে JCET (Joint Combined Exercise Training) অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে ইউএস স্পেশাল ফোর্স এবং নৌ কমান্ডোগণ সম্মিলিতভাবে High Speed Manoeuvre, VBSS, Infiltration, Exfiltration, Underway Engine Casualties, TCCC, Various Formations, Man Overboard Drill, FTX ইত্যাদি বিষয়ের উপর অত্যন্ত দক্ষতার সাথে প্রশিক্ষণ সম্পন্ন হয়। গত ১০ নভেম্বর ২০২২ তারিখ JCET কোর্সের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে মাননীয় কমসোয়াড্‌স উপস্থিত থেকে যৌথ প্রশিক্ষণের বিভিন্ন সাফল্যের বিষয়ে আলোচনা এবং অংশগ্রহণকারী সকল কর্মকর্তা ও নাবিক এবং মার্কিন যুক্তরাষ্ট্রের বিশেষ বাহিনীর সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করেন।



চিত্র-৪ (ক): JCET কোর্সের প্রশিক্ষণ।



চিত্র-৪ (খ): JCET কোর্সের সমাপনী অনুষ্ঠান।

৫। ৯ম নেভাল কমান্ডো এ্যাডভান্স(এনসিএ) এসবিসিসি কোর্সের প্রশিক্ষণ কার্যক্রম গত ০৫ জুন ২০২২ হতে ২৭ অক্টোবর ২০২২ পর্যন্ত ৯ম নেভাল কমান্ডো এ্যাডভান্স (এনসিএ) এসবিসিসি কোর্স পরিচালিত হয়। উক্ত কোর্সে ১৩ জন প্রশিক্ষণার্থী সফলতার সাথে কোর্স সম্পন্ন করে। এনসিএ (এসবিসিসি) কোর্সে এম আব্দুল হান্নান, এবি (এনসিটি-২) গড় ৮৪.৮৬% নম্বর পেয়ে প্রথমস্থান অর্জন করে। উক্ত কোর্স সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অধিনায়ক স্কুল অব সোয়াড্‌স এন্ড সেন্টার ক্যাপ্টেন আসোয়াদ হোসেন রাসেল, (সি), এনজিপি, পিএসসি, বিএন উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে মূল্যবান বক্তব্য এবং সার্টিফিকেট প্রদান করেন।



চিত্র- ৫ (ক): ৯ম নেভাল কমান্ডো এ্যাডভান্স (এনসিএ) এসবিসিসি কোর্সের Final Training Exercise (FTX) প্রশিক্ষণ।



চিত্র- ৫ (খ): ৯ম নেভাল কমান্ডো এ্যাডভান্স (এনসিএ) এসবিসিসি কোর্সের Certificate Award Ceremony ।



চিত্র-৫ (গ): ৯ম নেভাল কমান্ডো এ্যাডভ্যান্স (এনসিএ) এসবিসিসি কোর্সের সমাপনীতে কেক কাটা মুহূর্ত।

৬। বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স এ/২০২২ এবং বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স বি/২০২২ কোর্সে প্রশিক্ষণ কার্যক্রম গত ১৭ জুলাই ২০২২ হতে ২৯ ডিসেম্বর ২০২২ পর্যন্ত ডাইভিং এন্ড স্যালভেজ স্কুলে বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স এ/২০২২ পরিচালিত হয় এবং গত ০৯ অক্টোবর ২০২২ হতে বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স বি/২০২২ পরিচালিত হচ্ছে। প্রশিক্ষণকালীন সময় বিভিন্ন কর্মসূচী ও প্রশিক্ষণ কার্যক্রম অধিকাংশ প্রশিক্ষকবৃন্দ উপস্থিত থেকে সুষ্ঠু ও সুচারুভাবে পরিচালনা করেছেন।



চিত্র- ৬ (ক): বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স এ/২০২২ এর ব্যবহারিক অস্ট্রিজেন ডাইভিং এর পূর্ব প্রস্তুতি।



চিত্র- ৬ (খ): বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স এ/২০২২ এর কাগুই লেকে ব্যবহারিক অক্সিজেন ডাইভিং।



চিত্র- ৬ (গ): বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স বি/২০২২ এর ১৮ কিঃ মিঃ দৌড় প্রশিক্ষণ।



চিত্র- ৬ (ঘ) : বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স বি/২০২২ এর বিভিন্ন ধরনের Water Entry এর প্রশিক্ষণ।

৭। বেসিক ডাইভিং স্কুবা কোর্স-২০২২ (এফএসসিডি) এবং স্কুবা রিফ্রেশার কোর্স (আর্মি প্যারা কমান্ডো) কোর্সদ্বয়ের প্রশিক্ষণ কার্যক্রম। গত ২৫ সেপ্টেম্বর ২০২২ হতে ১৫ ডিসেম্বর ২০২২ পর্যন্ত বেসিক ডাইভিং স্কুবা কোর্স (এফএসসিডি) এবং গত ৩০ অক্টোবর ২০২২ হতে ১০ নভেম্বর ২০২২ পর্যন্ত স্কুবা রিফ্রেশার কোর্স (আর্মি প্যারা কমান্ডো) পরিচালিত হয়। প্রশিক্ষণকালীন সময় বিভিন্ন কর্মসূচী ও প্রশিক্ষণ কার্যক্রমে অধিকাংশ প্রশিক্ষকবৃন্দ উপস্থিত থেকে সুষ্ঠু ও সুচারুভাবে পরিচালনা করেন।



চিত্র- ৭ (ক): বেসিক ডাইভিং স্কুবা কোর্স ২০২২ (এফএসসিডি) এর PT Level Test ।



চিত্র- ৭ (খ): বেসিক ডাইভিং স্কুবা কোর্স ২০২২ (এফএসসিডি) এর SCUBA DIVING প্রশিক্ষণ।



চিত্র- ৭ (গ) : স্কুবা রিফ্রেশার কোর্স (আর্মি প্যারা কমান্ডো) এর স্কুবা ডাইভিং প্রশিক্ষণ।



চিত্র- ৭ (ঘ) : স্কুবা রিফ্রেশার কোর্স (আর্মি প্যারা কমান্ডো) এর Mask Clearing প্রশিক্ষণ।